দৈনিক ইনকিলাব

তারিখ 04 AUG 2007
পৃষ্ঠা ৩৩ কলাম ৬

# আইডিয়াল স্কুলে অবৈধ ভর্তি ও অনিয়মের শাস্তি দাবী করেছে অভিভাবক ফোরাম

স্টাফ রিপোর্টার ঃ বাংলাদেশ স্কুল এন্ড কলেজ অভিভাবক ফোরামের সভাপতি ডাঃ মোরশেদুল আজম ও সাধারণ সম্পাদক সৈয়দ আজমালুল আবেদীন বলেছেন, প্রিন্সিপালসহ হাতেগোনা কয়েকজন দুর্নীতিবাজের কারণে আইডিয়াল স্কুলের মত একটি ভাল মানের স্কুল ধ্বংস হতে দেয়া যায় না। নেতৃদ্বয় গতকাল এক বিবৃতিতে বলেন, দুর্নীতি দমন কমিশন কর্তৃক গৃহীত দৃঢ় পদক্ষেপের প্রেক্ষাপটে এবং যৌথবাহিনীর দুর্নীতি দমন অভিযানের প্রেক্ষিতে আইডিয়াল স্কুলের ভর্তির ক্ষেত্রে অবৈধ যে চাপের কথা প্রিন্সিপাল তদন্ত কমিটির নিকট উল্লেখ করেছেন তা একান্তই হাস্যকর। কারণ এরূপ দুঃসাহস অন্তত এ সরকারের আমলে কেউ করেনি। বরং আইডিয়াল স্কুলের প্রিন্সিপাল গভর্নিংবডির সাথে সংশ্লিষ্টদের অনৈতিক দুর্নীতির ফসল হচ্ছে মেধা বহির্ভূত ৫১৮ জন ছাত্রছাত্রীর ভর্তি।

নেতৃদ্বয় বলেন, অতি সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের এক তদন্তে এটি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, কেবল ২০০৭ সালেই এই প্রতিষ্ঠানে মেধাবহির্ভূত (অনুত্তীর্ণ) ৫১৮ জন ছাত্র/ছাত্রীকে ভর্তি করা হয়। ভর্তির তারিখ ২৫-০১-০৭। এর মধ্যে ৭ জন ছাত্র/ছাত্রী আদৌ কোন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেনি এবং পঁচিশজনের ভর্তি পরীক্ষায় অর্জিত নম্বর ছিল শূন্য। উল্লেখ যে, মেধার ভিত্তিতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা ছিল মাত্র ৪৪৯ জন।

তারা আরো বলেন, সরকারী বিধি মোতাবেক বর্তমানে বিভাগীয় কমিশনারের এই প্রতিষ্ঠানের গভর্নিংবডির সভাপতি হওয়ার কথা। কিন্তু বর্তমান সভাপতি অনেক আগেই বিভাগীয় কমিশনার থেকে পদোন্নতি পেলেও অবৈধভাবে এই প্রতিষ্ঠানের সভাপতির পদ আঁকড়ে ধরে রেখেছেন। শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শন এবং নিরীক্ষা অধিদপ্তরের তদন্তকারী কর্মকর্তাগণ এই সিদ্ধান্তেও উপনীত হয়েছেন যে, বিনা নির্বাচনে ছয়টি এডহক কমিটিতে শিক্ষক প্রতিনিধি হিসেবে সহকারী শিক্ষক আব্দুস সালাম খানকে রাখা মোটেই সমীচীন হয়নি।

তারা বলেন, আইডিয়াল স্কুল এন্ড কলেজে উদ্ভূত পরিস্থিতিতে বিধি মোতাবেক গভর্নিংবডির সভাপতি পরিবর্তন শিক্ষক প্রতিনিধির অপসারণ এবং অধ্যক্ষকে বরখাস্ত করলেই এহেন ঘৃণ্য অপরাধের বিচার সম্পূর্ণ হবে না। বরং তারা দুর্নীতি দমন টাস্কফোর্সের নিকট ঘটনা তদন্তের ভার অর্পণ করে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণের জন্য দুর্নীতি দমন কমিশনের নিকট আহবান জানিয়েছেন। তারা প্রতিষ্ঠানটিকে দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে রেসিডেন্সিয়াল মডেল এবং রাজউক কলেজের ন্যায় একজন দক্ষ ও সৎ সেনা কর্মকর্তাকে অধ্যক্ষ হিসেবে প্রেষণে নিয়োগদানের দাবী জানিয়েছেন।